

ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজ ধানমণ্ডি ক্যাম্পাস রক্ষায় রাস্তায় নামল শিশুরা

নিজের প্রতিবেদক

হাটী ক্যাম্পাসের দখিতে রাস্তায় নেমে এলে ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজের ধানমণ্ডি শাখার শিক্ষার্থীরা। গতকাল বুধবার স্কুলের ধানমণ্ডি ক্যাম্পাসসংলগ্ন নিরপুর রোডে ১৫ মিনিট সড়ক অবরোধ করে মানববন্ধন করে শত শত শিক্ষার্থী ও অভিভাবক।

ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজের ধানমণ্ডি শাখা রক্ষা কমিটির ব্যানারে মঙ্গল সোয়া ১২টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত এই মানববন্ধন করা হয়। মানববন্ধন শেষে শিক্ষার্থী-অভিভাবকদের একটি সংক্ষিপ্ত মিছিল ধানমণ্ডি ক্যাম্পাসের প্রাঙ্গণে সড়ক প্রতিরোধ করে। এ সময় ত্রিনিমা, সারা, ডাবান্দুসহ শত শত শিশুর কণ্ঠে ছিল—‘ধানমণ্ডিতে হাটী ক্যাম্পাস চাই’।

সড়ক হাটুসুর রশিদ নামের এক অভিভাবক বলেন, ‘১৯৯৫ সালে ডাড়া বাড়িতে ভিকারুননিসার ধানমণ্ডি ক্যাম্পাসটি চালু হয়। আজ পর্যন্ত সেই ডাড়া বাড়িতে কার্যক্রম চলেছে। বাড়ির

মাসিক ভূমিকে আর ডাড়া দিতে আগ্রহী নন। তাই স্কুল কর্তৃপক্ষ এই শাখাকে স্কুল ক্যাম্পাসে স্থানান্তরে আগ্রহী। অর্থাৎ ধানমণ্ডি ক্যাম্পাস চালুর পর আত্রিমপুর ও বসুন্ধরায় স্কুল কর্তৃপক্ষ দুটি হাটী ক্যাম্পাস প্রতিষ্ঠা করেছে। স্কুল কর্তৃপক্ষ ক্যাম্পাস স্থানান্তরের হঠকায় শিক্ষার্থ চাপিয়ে দিতে চাচ্ছে।

জাকির হোসেন নামের অন্য অভিভাবক বলেন, ‘আমরা ধানমণ্ডির আশপাশের এলাকার বাসিন্দা হিসেবে মস্তানদের সুবিধার কথা চিন্তা করে এই ক্যাম্পাসকে বেছে নিয়েছি। অসহনীয় যানজটের মধ্যে আমরা অন্য কোথাও যেতে রাজি নই। জাকির হোসেন নামের অভিভাবক বলেন, ‘বর্তমান সরকার নারীশিক্ষার প্রচারে অগ্রণী ভূমিকা পালন করছে। প্রধানমন্ত্রীর কাছে হাজার হাজার শিশুর জন্য ধানমণ্ডিতে একশত জমি চাইলে তিনি তা অরশাই দিতেন। যেহেতু গতবছর বড়ি হাজার হাজার শিশুর সমস্যায় ফেলেছে, তাই হাটী ক্যাম্পাস তৈরি করে তাদেরই এর সমাধান করতে হবে।’